

বিপিএমপিএ'র বিবৃতি মেডিকেল কলেজে এমডি এমএস কোর্স পদ্ধতি পরিবর্তনের নিন্দা

নিজস্ব বার্তা পরিবেশক

মেডিকেল কলেজগুলোতে চিকিৎসকদের স্নাতকোত্তর ডিগ্রি এমডি ও এমএস কোর্স পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের সরকারি সিদ্ধান্তের তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ হাইডেট মেডিকেল প্র্যাকটিশনার্স এসোসিয়েশন (বিপিএমপিএ)। সংস্থার মতে, বিশেষজ্ঞ চিকিৎসকের অভাবে যেখানে দেশের রোগীরা প্রতিদিন বিদেশে পাড়ি জমাচ্ছে সেখানে সরকারের এ ধরনের সিদ্ধান্ত চিকিৎসা ব্যবস্থাকে আরও সঙ্কটিত করবে।

গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসোসিয়েশনের মহাসচিব ডা. হারুন আল রশীদ বলেন, বিশেষজ্ঞ চিকিৎসকের অভাব পূরণ করতে বিগত সরকার বিভিন্ন মেডিকেল কলেজে স্নাতকোত্তর এমডি ও এমএস কোর্স চালু করে। এতে করে অনেক চিকিৎসক উচ্চতর ডিগ্রির জন্য এ কোর্সে ভর্তি হন। কিন্তু বর্তমান সরকার এমডি ও এমএস কোর্সের কারিকুলাম এবং পরীক্ষা পদ্ধতি নবায়ন ও বদলের সিদ্ধান্ত নিয়েছে। একই সঙ্গে এ কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীদের কোর্স বাতিল করে দিতে চাইছে। এর ফলে চিকিৎসা ব্যবস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে।